# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪৬১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৫৩]

১৫/ যিকির-আযকার প্রসঙ্গে (كتاب الأذكار)

পরিচ্ছেদঃ ২৪৮: সকাল-সন্ধ্যায় আল্লাহর যিকির

(248) بَابُ الذِّكْرِ عِنْدَ الصَّبَاحِ وَالْمَسَاءِ

আরবী

وَعَنْهُ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم، أَنَّه كَانَ يَقُولُ إِذَا أَصْبَحَ: «اَللهم بِكَ أَصْبَحْنَا، وَبِكَ أَمْسَيْنَا، وَبِكَ نَحيَا، وَبِكَ نَمُوْتُ، وَإِلَيْكَ النُّشُورُ» . وَإِذَا أَمسَى قَالَ: «اَللهم بِكَ أَمْسَيْنَا، وَبِكَ نَحْيَا، وَبِكَ نَمُوتُ . وَإِلَيكَ النُّشُورُ» . رواه أَبُو داود والترمذي، وقال: حديث حسن

বাংলা

৩/১৪৬১। উক্ত রাবী (আবূ হুরাইরা) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকালে এই দো’আ পড়তেন, ’আল্লাহুম্মা বিকা আসবাহনা অবিকা আমসাইনা, অবিকা নাহ্ইয়া, অবিকা নামূতু অইলাইকান নুশূর।’

অর্থাৎ হে আল্লাহ! তোমারই হুকুমে আমাদের সকাল হল এবং তোমারই হুকুমে আমাদের সন্ধ্যা হয়, তোমারই হুকুমে আমরা জীবিত থাকি, তোমারই হুকুমে আমরা মৃত্যু বরণ করব এবং তোমারই দিকে আমাদের পুনর্জীবন।

আর সন্ধ্যায় এই দো’আ পড়তেন,

’আল্লাহুম্মা বিকা আমসাইনা, অবিকা নাহ্ইয়া, অবিকা নামূতু অইলাইকান নুশূর।’

অর্থাৎ হে আল্লাহ! তোমারই হুকুমে আমাদের সন্ধ্যা হল, তোমারই হুকুমে আমরা জীবিত থাকি, তোমারই হুকুমে আমরা মৃত্যু বরণ করব এবং তোমারই দিকে আমাদের প্রত্যাবর্তন। (আবূ দাউদ, তিরমিযী, হাসান) [1]

## English

(248) Chapter: Remembrance of Allah in the Morning and in the Evening

Abu Hurairah (May Allah be pleased with him) reported:
The Prophet (ﷺ) used to say in the morning: "Allahumma bika asbahna, wa bika amsaina, wa bika nahya, wa bika namutu, wa ilaikan-nushur (O Allah!

With Your Power we have come to the morning, with Your Power we come to the evening, with Your Power we live, and we die, and to You will we return)." In the evening he would say: "Allahumma bika amsaina, wa bika nahya, wa bika namutu, wa ilaikan-nushur (O Allah! With Your Power, we have come to the evening, by You do we live, by You do we die, and to You is the return)."

[At-Tirmidhi and Abu Dawud].

## ফুটনোট

[1] আবূ দাউদ ৫০৬৮, ইবনু মাজাহ ৩৮৬৮, আহমাদ ৮৪৩৫, ১০৩৮৪

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=27151

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন